

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া
www.doict.bijoynagar.brahmanbaria.gov.bd

উপজেলা আইসিটি কমিটির নভেম্বর, ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ


সভাপতি : সাধনা ত্রিপুরা
উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ : ২৪ নভেম্বর ২০২৫ খ্রি.
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। অতঃপর উপজেলা আইসিটি কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন এবং দৃঢ়করণ করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টাল হালনাগাদকরণঃ বিজয়নগর উপজেলার ওয়েবপোর্টাল হালনাগাদকরণ নিয়ে পর্যালোচনা করা হয়। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের ওয়েবপোর্টালের তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	১। স্ব স্ব দপ্তর/প্রতিষ্ঠানের জরুরী খবর, বিভিন্ন নোটিশ ও সভার কার্যবিবরণী, সকল ধরনের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য এবং সকল জনপ্রতিনিধি ও জনবলের তথ্যসহ সেবা গ্রহীতাদের সুবিধার জন্য প্রয়োজনীয় সকল তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদ ও তা বহল প্রচার করণে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ২। প্রয়োজনীয় কারিগরি সহায়তার জন্য উপজেলা আইসিটি কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। ২। উপজেলা আইসিটি কর্মকর্তা। ৩। সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান/প্রশাসক।
০২	জাতীয় তথ্য বাতায়ন-এর সাইবার সিকিউরিটি নিশ্চিতকরণ সংক্রান্তঃ জাতীয় তথ্য বাতায়নের আওতাভুক্ত সাইটসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণের বিস্তারিত আলোচনা হয়।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২৩ জানুয়ারি ২০২৫ তারিখের ৫৪ নং স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক বর্তমান বাস্তবতার নিরিখে সাইবার সিকিউরিটি নিশ্চিতের লক্ষ্যে স্ব-স্ব দপ্তর কর্তৃক জাতীয় তথ্য বাতায়নে শক্তিশালী পাসওয়ার্ড ও ডুয়াল সিকিউরিটি 2FA (Two Factor Authentication) চালুকরণ নিশ্চিত করতে হবে।	১। সকল দপ্তর প্রধান।
০৩	ডি-নথি ব্যবহার সংক্রান্তঃ সভায় অবহিত করা হয় যে, অত্র উপজেলায় ডি-নথিতে লাইভে আছে মাত্র ০৪ টি অফিস। সকল অফিসগুলোকে ডি-নথি লাইভে নেয়ার বিষয়টি জরুরি বলে উপস্থাপন করা হলে উপস্থিত সকলে একমত রয়েছেন মর্মে মত প্রকাশ করেন।	শীঘ্রই সকল অফিসকে ডি-নথিতে লাইভে আনার ব্যবস্থা নিতে হবে।	১। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৪	আইসিটি ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ বিজয়নগর উপজেলায় মোট ০৯ টি আইসিটি ডিজিটাল ল্যাব রয়েছে। ল্যাবগুলো যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। আইসিটি ডিজিটাল ল্যাব ব্যবহার করে শিক্ষকগণ যাতে কন্টেন্ট তৈরি করতে পারেন এ বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে। নিয়মিত ল্যাব পরিদর্শন করার জন্য অনুরোধ করা হয়।	আইসিটি ডিজিটাল ল্যাব তদারকি অব্যাহত রাখতে হবে। নিয়মিত ল্যাব পরিদর্শন করতে হবে এবং সে অনুযায়ী রিপোর্ট করতে হবে।	১। উপজেলা আইসিটি কর্মকর্তা।
০৫	আইসিটি ডিজিটাল ল্যাবসমূহ নিয়মিত ব্যবহার, পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং নিরাপত্তা নিশ্চিতকরণঃ	১। আইসিটি ডিজিটাল ল্যাব সহ প্রতিদিন কমপক্ষে ৫/৬ ঘণ্টা ব্যবহার করে ক্লাস পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ২। ল্যাব সমূহ পরিষ্কার পরিচ্ছন্ন এবং নিয়মিত ব্যবহার করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। ল্যাবের নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনে ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। প্রতিষ্ঠান প্রধান, আইসিটি ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৬	ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানে End User Connectivity প্রদান সংক্রান্তঃ	ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানে End User Connectivity এর কাজ শুরু হয়েছে, ইতিমধ্যে ৫৩ টি প্রতিষ্ঠানে ইন্টারনেট কানেকশন প্রদান করা হয়েছে। Connectivity এর কাজ নিয়মিত তদারকি করতে হবে।	১। উপজেলা আইসিটি কর্মকর্তা।
০৭	সোশ্যাল মিডিয়া সংক্রান্তঃ সোশ্যাল মিডিয়া সংলাপে সরকারি নীতিমালা বা বিধিমালা অনুসরণ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	সরকারি কর্মকর্তা/কর্মচারী সোশ্যাল মিডিয়ায় সরকারি নীতিমালা বা বিধিমালা মোতাবেক সতর্কতা অবলম্বন করে তথ্য উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


24.11.2025
(সাধনা ত্রিপুরা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি, উপজেলা আইসিটি কমিটি
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া

unobijoyagar@mopa.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.১২০৭.০০০.০৬.০০১.২৫-২৪

তারিখ: ২৪ নভেম্বর, ২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২) পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
- ৪) জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৫), সদস্য, উপজেলা আইসিটি কমিটি, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৬) অফিস কপি।



(২৪/১১/২০২৫)

(মোঃ রাকিবুল হাসান)

উপজেলা আইসিটি কর্মকর্তা (অঃ দাঃ)

(সহকারী প্রোগ্রামার)

ও

সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি

বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া